দৈনিক ইত্তেফাক

FEB. 06 2002

পৃঃ ৭ কলাম ৪

# জননিরাপত্তা আইনে আটক জাবি ছাত্রদের মুক্তির দাবীতে ক্লাস বর্জন শুরু □ ক্যাম্পাসে উত্তেজনা

**সাভার সংবাদদাতার ফ্যাক্স ঃ** জননিরাপত্তা আইনে গ্রেফতারকৃত জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ৭ ছাত্রের মুক্তির দাবীতে আন্দোলন অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা। মিছিল-সমাবেশে ক্রমেই পরিস্থিতি উত্তপ্ত হচ্ছে।

গতকাল ইতিহাস বিভাগের ছাত্ররা তাদের সহপাঠীদের মুক্তি না পাওয়া পর্যন্ত ক্লাস বর্জনের ঘোষণা দেয়ায় নতুন করে অচলাবস্থার সৃষ্টি হয়েছে।

আ.ফ.ম কামালউদ্দিন হলের শিক্ষক-ছাত্ররা তাদের সাবেক ওয়ার্ডেন নিহত সহযোগী অধ্যাপক কাওসার হুসাইনের স্মরণে সকালে মৌন শোকর‍্যালি বের করে। র‍্যালিটি কামালউদ্দিন হল থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে রেজিস্টার বিল্ডিং-এর সামনে গিয়ে শেষ হয়।

সড়ক দুর্ঘটনায় অধ্যাপক কাওসারের মৃত্যুকে কেন্দ্র করে আন্দোলনকারী ছাত্র-ছাত্রীদের ওপর পুলিশী নির্যাতন এবং ৭ ছাত্রসহ ৯ জনের বিরুদ্ধে জননিরাপত্তা আইনে দায়ের করা মামলা প্রত্যাহার এবং গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি না দেয়া পর্যন্ত ইতিহাস বিভাগের ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জন ও সকল প্রকার পরীক্ষা বয়কটের সিদ্ধান্ত নিয়েছে। তারা বলেছে, আটককৃতদের মুক্তি না দেয়া পর্যন্ত এ কর্মসূচী অব্যাহত থাকবে। এছাড়াও আজ (বুধবার) তারা প্রতীক অনশনের ডাক দিয়েছে।

উল্লেখ্য, গ্রেফতারকৃত ৭ ছাত্রের মধ্যে ময়েজউদ্দিন, রফিক খান ও ফজলুল করীম ইতিহাস বিভাগের ছাত্র। ময়েজউদ্দিন দৈনিক রূপালী ও দেশ পত্রিকার জাবি প্রতিনিধি। গতকাল পর্যন্ত গ্রেফতারকৃতদের জামিন হয়নি।

## সাভারে গ্রেফতারকৃত আ'লীগ নেতা ডিটেনশনে

**সাভার সংবাদদাতার ফ্যাক্স ঃ** সাভার উপজেলা আ'লীগের সহ-সভাপতি ও ধানশোনা ইউনিয়নের চেয়ারম্যান ফারুক হোসেনকে ডিটেনশন দেয়া হয়েছে। গত সোমবার তাকে জমি দখল ও চাঁদাবাজির মামলায় গ্রেফতার দেখিয়ে জেলহাজতে পাঠানো হয়েছে।